মানুষের কাছে থাকতে হবে, মানুষ যদি কোথাও ভুল বোঝে তাদের সেই ভুল ভাঙাতে হবে ঃ শিক্ষামন্ত্রী

নিজস্ব সংবাদদাতা, ঝাড়গ্রাম ঃ দলীয় কর্মী থেকে নেতৃত্বকে বলেছি যে, সংগঠনকে জোরদার করতে হবে, মানুষের কাছে ছিলাম মানুষের কাছে থাকতে হবে মানুষ যদি কোথাও ভুল বুঝে থাকে তাদের সেই ভুল ভাঙাতে হবে ঝাড়গ্রামে দলীয় নেতা ও কর্মীদের সেই বার্তা দিয়ে গেলে শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। তিনি আরও জানান, বিজেপির অনেক চক্রান্ত চলছে সেই চক্রান্ত করে তো কোন লাভ নেই, এখানে পতাকা উড়ছে তৃণমূলের কাজের ভিত্তিতে, উন্নয়নের ভিত্তিতে বুথে বুথে এগুলোকে কেউ টার্নিশ করতে পারবেনা। রাজ্যের সদস্যসাপ্তু শেষ হওয়া পঞ্চায়েত নির্বাচনে রাজ্য জুড়ে শাসকদলের একাধিপত্য বিস্তার সকলেরই জানা। কিন্তু তা সত্ত্বেও কিছু জেলায় দলের খারাপ ফল তৃণমূল সুপ্রিমো মমতা ব্যানার্জীর কপালে চিন্তার ভাঁজ ফেলেছে তা বলাই বাহুল্য। যার মধ্যে অন্যতম ঝাড়গ্রাম। যেখানে বিজেপির কাছে তৃণমূলের একাধিক দলীয় নেতৃত্বের পরাজয়ের খবর মিলেছে। তাই নেতা কর্মীদের কাছে ঝাড়গ্রামে বিজেপির উত্থানের কারণ খুঁজতেই শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের ঝাড়গ্রাম সফর এমনটাই মনে করছে রাজনৈতিক মহল।

বুধবার ঝাড়গ্রাম জেলার পঞ্চায়েতের ফলাফল নিয়ে মূল্যায়ণ ও বিশ্লেষণ মিটিং-এ শিক্ষামন্ত্রী বাদে উপস্থিত ছিলেন রাজ্যের দুই মন্ত্রী সাধন পান্ডে ও জেলার মন্ত্রী চূড়ামণি মাহাত। এছাড়াও ছিলেন ঝাড়গ্রাম জেলার বাকি তিন বিধায়ক, জেলার ৮টি ব্লক সভাপতি ছাড়াও দলীয় নেতৃত্ব ও কর্মীরা।

পূর্ব মেদিনীপুর জেলার পাঁশকুড়ার প্রতাপপুর দরবার শরিফে বুধবার রমজান দিবসের ১৪ দিনে একসঙ্গে প্রায় বারো হাজার মুসলিম সম্প্রদায়ের ব্যক্তি রোজা ভাঙেন ও ইফতার পার্টিতে অংশগ্রহণ করেন। শেষে একসঙ্গে সবাই নামাজ পড়েন। নিজস্ব চিত্র

জেলার হোম নিয়ে পর্যালোচনা

নিজস্ব সংবাদদাতা, তমলুক ঃ জুভেনাইল জাস্টিস অ্যাক্ট সরকারি অনুমোদিত জেলা যারা যত্ন সুরক্ষার অভাবে থাকা শিশুদের জন্য চিল্ড্রেন হোমগুলি ৭টি, যারা আইনের সংস্পর্শে জড়িয়ে পড়ে এমন শিশুদের জন্য ২টি হোম এবং অবজারভেলান হোম ২টি।এছাড়া রাজ্য সরকারের সমাজকল্যাণ দপ্তরের অধীনে ৮টি হোমের সম্পাদক ও সুপারদের নিয়ে এক পর্যালোচনা হয় পূর্ব মেদিনীপুর জেলাশাসকের কনফারেন্স হলে। অবিভক্ত জেলাশাসক (ট্রেজারি) প্রশান্ত অধিকারী তার প্রারম্ভিক বক্তব্য রাখেন। এই পর্যালোচনা সভায় কোন কোন হোমের কি কি ভালো ব্যবস্থা রয়েছে তার বিস্তারিতভাবে আলোচনা করেন। শ্রী অধিকারী তাঁর বক্তব্যে বলেন, জেলায় সামগ্রীকভাবে হোমগুলির অবস্থা পূর্বের তুলনায় ভালো। জেলা সমাজকল্যাণ আধিকারিক পূর্ণেন্দু পৌরাণিক বলেন, জেলার বেশিরভাগ হোম পরিদর্শন করে জেলার যে যে হোমগুলির ভালো দিকগুলি রয়েছে সেগুলি যাতে অন্যান্য হোমে প্রাকটিশ করা যায় তার জন্য সবাইকে পরামর্শ দেন। পর্যালোচনায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, পূর্ব মেদিনীপুর জেলা নারী ও শিশু কর্মাধ্যক্ষ অপর্ণা ভট্টাচার্য, ডিস্ট্রিক লিগ্যাল সার্ভিস অফরিটির সম্পাদক সুপর্ণা ব্যানার্জী, জেজেবি সদস্য গৌরীশঙ্কর বেসকারি, কাঁথি, হলদিয়া, তমলুক উপমহকুমা শাসকগণ, এগরা মহকুমাশাসক রজতকান্তি বিশ্বাস, জেলা শিশু সুরক্ষা আধিকারিক সারদা গিরি প্রমুখ।

ল্যাপটপ-সহ অভিযুক্ত গ্রেফতার

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ বাসের যাত্রীর ল্যাপটপ চুরির করার অভিযোগে এক যুবককে গ্রেফতার করলো পুলিশ। মঙ্গলবার কাঁথি থানার পুলিশ হসমত সাহাকে গ্রেফতারের পর বুধবার ধৃতকে কাঁথি আদালতে তোলা হলে বিচারক তার জামিন নাকচ করে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। ধৃত হসমতের বাড়ি পশ্চিম মেদিনীপুরের দাঁতন এলাকায়। মঙ্গলবার দিঘা থেকে কলকাতা যাচ্ছিলেন এক পর্যটক দম্পতি। কাঁথি সেন্ট্রাল বাসস্ট্যান্ডের কাছে এসে দেখেন ল্যাপটপ চুরি হয়ে গেছে। এরপর ওই যুবক কাঁথি থানায় অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ তদন্তে নেমে কাঁথির সাতমাইল বাজার থেকে ল্যাপটপ সহ অভিযুক্তকে গ্রেফতার করে।

শুকনো কুয়োয় হাতি পড়ে যাওয়ায় নাজেহাল হুলা পার্টি

নিজস্ব সংবাদদাতা, সাঁকরাইল ঃ মধ্যবয়স্ক এক দাঁতাল শুকনো কুয়োয় পড়ে যাওয়ায় দলমার প্রায় ৮০টি দামালকে আর দলমায় ফেরৎ পাঠাতে পারল না বনদফতর। ঘটনাটি ঘটেছে বুধবার ভোরে কলাইকুন্ডা রেঞ্জের সাঁকরাইল ব্লকের সোনাকুন্দরা এলাকায়। বনদফতর সূত্রে জানা গিয়েছে, বুধবার প্রায় ৮০ দাঁতালের দল ঢোকে। এরপর বনদফতর ওই হাতির দলটিকে দুধকুন্ডী, সাঁকরাইল, লোধাশুলি, শালবনী, পুকুরিয়া, জামবনী, আমতলিয়া হয়ে ফেরে ঝাড়খন্ডে ফেরৎ পাঠানোর সিদ্ধান্ত নিয়েছিল। কিন্তু মাঝপথেই ঘটে যায় এই বিপত্তি। যার ফলে রাত ভোর চেষ্টা করেও আর পুনরায় ফেরৎ পাঠাতে পারেনি হুলা পার্টি। জানা গিয়েছে, এদিন দাঁতালের দলটিকে হুলা পার্টি তাড়ানোর সময় ৪০টি করে দুটি ভাগে ভাগ হয়ে যায়। একটি দল চলে যায় দুধকুন্ডীর দিকে অপর দলটি সোজা লোধাশুলির দিকে রওনা দেয়। লোধাশুলির দিকে আসার সময় হাতির দলটিকে একটি হস্তিশাবক ছিল। হস্তিশাবকটিকে বাঁচাতে গিয়ে মহিলা হাতিটি কুয়োর মধ্যে পড়ে যায়। তবে হুলা পার্টি এবং গ্রামবাসীদের চেষ্টায় প্রথমে অন্যান্য হাতিগুলিকে সেখান থেকে তাড়িয়ে পরে ওই শুকনো কুয়োর মধ্যে প্রচুর খড় ফেলে হাতিটিকে কুয়ো থেকে উদ্ধার করা হয়। তারপরেই আবার দাঁতালদের দুটি দলেই ফিরে এসে একসাথে মিলিত হয়ে যায় বলে জানা গেছে। উল্লেখ্য, গত বছর পুজোর সময় এই হাতির দলটি দলমা থেকে এসেছিল। তারপর বনদফতর অনেক চেষ্টা করে দীর্ঘদিন পর জানুয়ারি মাসে হাতিগুলিকে দলমায় ফেরৎ পাঠিয়েছিল। কিন্তু তার ঠিক একমাস ঘুরতে না ঘুরতেই ফেব্রুয়ারিতে ফের হাতির দলটি ঘুরে চলে আসে। আর তারপর থেকেই হাতিগুলি ঝাড়গ্রাম, খড়গপুর, পশ্চিম মেদিনীপুর ডিভিশনের বিভিন্ন জঙ্গলে ঘুরে বেড়াচ্ছে। বনদফতর সূত্রে জানা গিয়েছে, হাতিগুলি আপাতত কলাইকুন্ডা রেঞ্জের দুধকুন্ডী এলাকায় অবস্থান করছে। তবে কংসাবতী নদীর পাড় ধরে মানিকপাড়া, শিরশি, শালবনী, পুকুরিয়া, জামবনী, আমতলিয়া হয়ে ঝাড়খন্ডে ফেরৎ পাঠানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। এখন বনদফতরের এই পরিকল্পনা কতটা সফল হতে পারে সেটাই দেখার।

কোলাঘাটে বিজেপি নেতার প্রয়াণ

নিজস্ব সংবাদদাতা, কোলাঘাট ঃ কোলাঘাটের বর্ষিয়াণ বিজেপি নেতা পরেশ ঘোষের প্রয়াণ হল মঙ্গলবার রাতে। বয়স হয়েছিল ৭৮। দীর্ঘদিন যাবৎ বিজেপিতে যোগ দিয়েছিলেন। মঙ্গলবার রাত ৯টা নাগাদ বয়সজনিত কারণে মৃত্যু হয়। বুধবার সকালে শেষশ্রদ্ধা জানান কোলাঘাট ব্লক ও জেলা নেতৃত্ব। কোলাঘাটের বিজেপি নেতা দেবব্রত পট্টনায়েক জানান, বর্ষিয়ান এই নেতাকে হারিয়ে অনেকটাই ক্ষতি হল। এদিন শেষশ্রদ্ধা জানান, বিজেপি নেতা সেকসাদ্দাম হোসেন-সহ বিশিষ্টরা।

শালবনীর বরাগাদাতে শাসক বনাম নির্দলের গোষ্ঠীদ্বন্দ্ব, মারধর

নিজস্ব সংবাদদাতা, শালবনি ঃ পশ্চিম মেদিনীপুরের শালবনির বরাগাদা গ্রামে তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য সাধন রায় ও তার বাবার ওপর হামলা দুষ্কৃতীদের, তাদের শালবনি হাসপাতাল পাঠানো হয়েছে। অভিযোগের তীর নির্দল প্রার্থী শ্যামল ঘোষ ও তার ছেলের বিরুদ্ধে। ঘটনার সূত্রপাত গত পঞ্চায়েত ভোটের জেতার পর জরিমানা বাবদ কিছু টাকা নেয় তৃণমূলের পঞ্চায়েত সদস্য সাধন রায়।

তার পর থেকে দুই পক্ষের মধ্যে বিবাদের সৃষ্টি হয়। এবার পঞ্চায়েত ভোটে শ্যামলবাবু নির্দল প্রার্থী হিসাবে দাঁড়িয়ে ছিলেন এবং তিনি পরাজিত হন। এরপরই আরো জল ঘোলা হতে থাকে সেই জট কাটানোর জন্য আলোচনাও করে দুই পক্ষ।

এরপরেই ঘটনার শেষ পরিণতি। এলাকা উত্তপ্ত ও পরিস্থিতি সামলাতে শালবনি থানার বিশাল পুলিশ বাহিনী পৌঁছায়।

কোলাঘাটে তৃণমূলের বিজয় মিছিল

নিজস্ব সংবাদদাতা, কোলাঘাট ঃ কোলাঘাট তৃণমূলের জয়জয়কার। আর এরই মাঝে সর্বত্র বিজয় মিছিল অব্যাহত। কোলাঘাটের গোপালনগর গ্রামপঞ্চায়েত এলাকায় এদিন সকালে হয়ে গেল তৃণমূলের বিজয় মিছিল। গোপালনগর বাজারপাড়া বুথের তৃণমূলের প্রার্থী পূর্ণিমা হাজরা এবং ব্লকে জয়ী প্রার্থী সাহাদাত আলির সমর্থনে চলে বিজয় উৎসব। বহুতৃণমূলকর্মী অংশ নেয় এই মিছিলে। ত্রিশঙ্কু গোপালনগর গ্রামপঞ্চায়েত শেষমেষ কোন দল দখল করতে পারে সেই দিকেই তাকিয়ে রয়েছে এলাকার অসংখ্য মানুষ।

তবে গোপালনগর গ্রামপঞ্চায়েত ধরে রাখতে পারবে তৃণমূল আগে থেকেই আশাবাদী জয়ী তৃণমূল প্রার্থী পূর্ণিমা দেবী।

পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধির প্রতিবাদে এসইউসি, মিছিল

নিজস্ব সংবাদদাতা, বেলদা ঃ পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধির লাগাতার প্রতিবাদ জানাচ্ছে এসইউসি। বেলদাতে মিছিল করে তারা। করা হয় প্রতিকী অবরোধ। ৫নং রাজ্য সড়ক অবরোধ করেন আন্দোলনকারীরা। বুধবার পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধির প্রতিবাদ জানিয়ে মিছিল হয় বেলদায়। বেলদা ট্রাফিক স্ট্যান্ডে অবরোধ ও পেট্রোল ও ডিজেলের মূল্যবৃদ্ধির সার্কুলারের প্রতিলিপি পোড়ানো হয়। দলের পক্ষ থেকে দাবি তোলা হয় পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধি করা যাবে না। অন্যান্য দেশের তুলনায় ভারতে পেট্রোল ডিজেলের দাম বেশি। আর সেই কারণে লাফিয়ে লাফিয়ে বেড়ে চলেছে মূল্যবৃদ্ধির হার। মূল্যবৃদ্ধি রোধ করার দাবি জানানোর পাশাপাশি নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের মূল্যবৃদ্ধির বিরোধিতা করা হয়েছে এদিনের কর্মসূচি থেকে। যদিও এদিন সর্বত্র একই কর্মসূচি গ্রহণ করেছে এসইউসিআই। একই দাবিতে মেদিনীপুর শহরেও বিক্ষোভ দেখায় এসইউসিআই। দলীয় সমর্থকরা মেদিনীপুর শহরের কালেক্টরেট মোড়ে পথ অবরোধ করে বিক্ষোভ দেখায়। কালা সার্কুলারের নকল জ্বালানো হয়। অহিংসযোগ করেন রাজ্য কমিটির সদস্য ডাঃ প্রাণোতোষ মাইতি। অবরোধের জেরে যানজটের সৃষ্টি হয়। পরে পুলিশি হস্তক্ষেপে অবরোধ উঠে যায়।

বিদ্যালয় পরিদর্শককে স্মারকলিপি

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ নিজেদের একাধিক দাবি নিয়ে বিদ্যালয় পরিদর্শককে স্মারক লিপি দিল ডিএসও। ডিএসও সংগঠনের সদস্যরা মেদিনীপুর শহরে একটি মিছিল করে ডিআই কার্যালয়ের সামনে বিক্ষোভ দেখান। বিক্ষোভ চলাকালীন বিদ্যালয় পরিদর্শক অমর কুমার শীল (ডিআই) কে সংগঠনের তরফে একটি স্মারকলিপি দেওয়া হয়। অমরবাবু বিষয়টি নিয়ে আলোচনা করবেন বলে জানা গিয়েছে। প্রায় ১ ঘন্টা ধরে এই বিক্ষোভ চলে। পরে অবশ্য ডিআই-এর আশ্বাসে অবরোধ উঠিয়ে নেন সংগঠনের সদস্যরা। তবে তাদের দাবি যদি অবিলম্বে না মানা হয় তাহলে আগামীদিনে বৃহত্তর আন্দোলনে যাওয়া হবে বলে জানান সংগঠনের নেতৃত্ব সিদ্ধার্থশঙ্কর রায়।